11 APR 2023

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য-২ অধিশাখা

নং- ৩৩.০০.০০০০.১২৭.১৬.০০৬.২০.৭৮

তারিখ: ২৩ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
৬ এপ্রিল ২০২৩খ্রি.

বিষয়: মৎস্য অধিদপ্তরের আওতায় অভ্যন্তরীণ জলাভুমি এবং বর্ষাপ্লাবিত ধানক্ষেত/ প্লাবিনভূমি/ প্রাতিষ্ঠানিক জলাশয়ে "পোনামাছ অবমুক্তি নির্দেশিকা-২০২৩" সংক্রান্ত

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মৎস্য অধিদপ্তরের আওতায় অভ্যন্তরীণ জলাভূমি এবং বর্ষাপ্লাবিত ধানক্ষেত/ প্লাবনভূমি/ প্রাতিষ্ঠানিক জলাশয়ে পোনা মাছ অবমুক্তির জন্য প্রস্তুতকৃত ও অনুমোদিত "পোনামাছ অবমুক্তি নির্দেশিকা-২০২৩" এ সাথে প্রেরণ করা হলো।

এমতাবস্থায়, "পোনামাছ অবমুক্তি নির্দেশিকা-২০২৩" পুস্তক আকারে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। প্রকাশিত পুস্তিকার ৫(পাঁচ) কপি এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে

(ড. এস এম যোবায়দুল কবির)
উপসচিব
ফোন-৫৫১০০০৮১
ই-মেইলঃ fisheries-2@mofl.gov.bd

মহাপরিচালক
মৎস্য অধিদপ্তর
মৎস্য ভবন, ঢাকা

নং- ৩৩.০০.০০০০.১২৭.১৬.০০৬.২০.৭৮

তারিখ: ২৩ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
৬ এপ্রিল ২০২৩খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

০১। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ;
০২। অতিরিক্ত সচিব (মৎস্য) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ;
০৩। অফিস কপি/মাস্টার কপি।

(ড. এস এম যোবায়দুল কবির)
উপসচিব

একান্ত শাখা, মহাপরিচালকের দপ্তর
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা
তারিখঃ

| | | | | |
|---|---|---|---|---|
| প্রঃ শাঃ-১ | বাস্তবায়ন | পরিকল্পনা | মানবিয়ন্ত্রণ | [illegible] |
| প্রঃ শাঃ-২ | প্রশিক্ষণ | [illegible] | [illegible] | [illegible] |
| ACR শাখা | সমন্বয় | [illegible] | [illegible] | [illegible] |
| সাধারণ শাখা | লাইব্রেরী | [illegible] | [illegible] | [illegible] |
| জলমহাল | ICT সংক্রান্ত | [illegible] | [illegible] | |
| একান্ত শাখা | কল্যাণ শাখা | [illegible] | [illegible] | |

পরিচালক দিনপঞ্জি নং-

# "পোনামাছ অবমুক্তি নির্দেশিকা, ২০২৩" (খসড়া)

| | |
|---|---|
| "মাছে ভাতে বাঙালি"- এই পরিচয়েই নিহিত রয়েছে আমাদের জাতীয় জীবনে মৎস্যের গুরুত্ব। দেশের আপামর জনগোষ্ঠীর স্বাস্থ্য সুরক্ষায় আমিষের চাহিদা পূরণ, কর্মসংস্থান সৃষ্টি, দারিদ্র বিমোচনসহ মূল্যবান বৈদেশিক মুদ্রা অর্জনের মাধ্যমে এ দেশের আর্থসামাজিক অগ্রগতিতে মৎস্য সেক্টরের ভূমিকা অপরিসীম। সরকার মৎস্যখাতের বিপুল সম্ভাবনা ও গুরুত্ব বিবেচনায় নিয়ে এর উন্নয়নে সময়োপযোগী নানা কার্যক্রম গ্রহণ করেছে। এরই ধারাবাহিকতায় দেশের অভ্যন্তরীণ উৎস হতে যুগপৎ মাছের উৎপাদন বৃদ্ধি ও জলাভূমির উৎপাদনশীলতা ক্রমোন্নয়নের লক্ষ্যে খাল-বিল, হাওড়, বাঁওড়, সরকারি/আধাসরকারি দপ্তর/প্রতিষ্ঠান এর পুকুর, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয় এবং জনকল্যাণমুখী সংগঠন/সমিতির উপযুক্ত জলাভূমিতে পোনামাছ অবমুক্তি কার্যক্রম গুরুত্বের সাথে বাস্তবায়ন করছে। পেশাগতভাবে প্রাকৃতিক মৎস্য সম্পদের ওপর নির্ভরশীল জেলে/মৎস্যজীবী সম্প্রদায়, চাহিদাসম্পন্ন অভিষ্ট সুফলভোগী ও ভূমিহীন দরিদ্র জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের পাশাপাশি দেশের আপামর জনসাধারণের পুষ্টি চাহিদা পূরণের লক্ষ্যে মাছের সরবরাহ বৃদ্ধি করা এ কার্যক্রমের অন্যতম উদ্দেশ্য। সে লক্ষ্য ও উদ্দেশ্য পূরণকল্পে দেশের অভ্যন্তরীণ উপযুক্ত জলাভূমিতে পোনামাছ অবমুক্তি কার্যক্রম বাস্তবায়নে একটি যুগোপযোগী 'পোনা অবমুক্তি নির্দেশিকা' প্রণয়ন আবশ্যাক। | |
| ২.০ | **শিরোনাম ও প্রয়োগ :** |
| | ২.১ এ নির্দেশিকা '**পোনামাছ অবমুক্তি নির্দেশিকা- ২০২৩**' নামে অভিহিত হবে;<br>২.২ ইহা তাৎক্ষণিকভাবে কার্যকর হবে। |
| ৩.০ | **সংজ্ঞার্থ।**-বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই নির্দেশিকায় |
| ৩.১ | '**জলাশয়**' অর্থ সরকারী বা ব্যক্তি মালিকানাধীন প্রাকৃতিক কোন উন্মুক্ত অথবা বদ্ধ জলাধার, পুকুর, পোল্ডার, বরোপিট হাওড়, বাঁওড়, প্লাবনভূমি, মরা নদী, হ্রদ বা কৃত্রিম উপায়ে সৃষ্ট বৃহৎ কোনো জলাশয়; |
| ৩.২ | '**উপযুক্ত জলাশয়**' বলতে প্রাকৃতিকভাবে মাছের আবাস বা মাছচাষের জন্য অনুকূল জলাশয়; |
| ৩.৩ | '**নির্বাচিত উপযুক্ত জলাশয়**' বলতে এ নির্দেশিকায় অনুচ্ছেদ ৭ এ বর্ণিত শর্তাবলী অনুসরণে পোনামাছ অবমুক্তির জন্য কমিটি কর্তৃক নির্বাচিত উপযুক্ত জলাশয়; |
| ৩.৪ | '**জেলে বা মৎস্যজীবী**' অর্থ মৎস্য অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত জেলে যিনি বাংলাদেশের ভৌগোলিক সীমানার মধ্যে কোনো জলাশয়ে পেশাগতভাবে জাল, অন্যান্য সরঞ্জাম অথবা নৌকা অথবা নৌযান ব্যবহারপূর্বক সারা বৎসর অথবা বৎসরের নির্দিষ্ট সময়ে (ন্যূনতম ৪ মাস) মৎস্য আহরণ করে জীবিকা নির্বাহ করে; |
| ৩.৫ | '**পোনা মাছ**' অর্থ এ নির্দেশিকার আলোকে অবমুক্তিযোগ্য মাছের পোনা; |
| ৩.৬ | '**সুফলভোগী**' অর্থ সংশ্লিষ্ট জলাশয়ের নিকটবর্তী বা চর্তুরপার্শ্বের এলাকায় বসবাসকারী জনগোষ্ঠী এবং জেলে ও তাদের পরিবার যাদের জীবন ও জীবিকা সর্ম্পূণরূপে বা আংশিকভাবে উক্ত জলাশয় হতে মাছ আহরণের ওপর প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নির্ভরশীল; |
| ৩.৭ | '**সমিতি**' অর্থ সমবায় অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত সমিতি; |
| ৩.৮ | '**কমিটি**' অর্থ ১১ ও ১২ নং অনুচ্ছেদে বণিত কমিটিকে বুঝায়; |
| ৩.৯ | '**মহাপরিচালক**' অর্থ মৎস্য অধিদপ্তরের মহাপরিচালক; |

| | |
|---|---|
| ৩.১০ | **'কর্তৃপক্ষ'** অর্থ মৎস্য অধিদপ্তরের মহাপরিচালক বা তাঁর দ্বারা ক্ষমতাপ্রাপ্ত উপযুক্ত কর্মকর্তা; এবং |
| ৩.১১ | **'সরকার'** অর্থ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। |
| **৪.০** | **উদ্দেশ্য** |
| ৪.১ | নির্বাচিত জলাশয়ে মানসম্মত পোনার অবমুক্তকরণ; |
| ৪.২ | অভ্যন্তরীণ জলাভূমিতে মাছের উৎপাদন বৃদ্ধির মাধ্যমে আপামর জনসাধারণের প্রাণিজ পুষ্টি চাহিদা পূরণে অবদান রাখা; এবং |
| ৪.৩ | সুফলভোগী ও প্রান্তিক পর্যায়ের দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টি ও আর্থসামাজিক উন্নয়ন। |
| **৫.০** | **প্রয়োগক্ষেত্র:** |
| | এ নির্দেশিকা বাংলাদেশের অভ্যন্তরীণ জলাশয়ে পোনা অবমুক্তি কার্যক্রম বাস্তবায়নে প্রযোজ্য হবে। |
| **৬.০** | **জেলা/উপজেলা ভিত্তিক পোনামাছ অবমুক্তি কার্যক্রমের অর্থ বরাদ্দ/বিভাজন পদ্ধতি:** |
| ৬.১ | মৎস্য অধিদপ্তরের পরিচালন ও উন্নয়ন বাজেট বরাদ্দের সংশ্লিষ্ট খাত হতে মহাপরিচালক বা মহাপরিচালকের অনুমোদনক্রমে পোনামাছ অবমুক্তির জন্য জেলা/উপজেলার জলাশয় এবং উপযুক্ত প্লাবনভূমির আয়তন/আধিক্য বিবেচনায় নিয়ে জেলা/উপজেলা ভিত্তিক অর্থ বরাদ্দ প্রদান এবং প্রয়োজনে বরাদ্দ পুনঃনির্ধারণ ; |
| ৬.২ | পোনামাছ অবমুক্তি সংক্রান্ত প্রাক কাজের আনুষঙ্গিক ব্যয় ও পরবর্তী কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়নসহ বিবিধ কাজের ব্যয় নির্বাহের জন্য পোনা অবমুক্তির মোট বরাদ্দের অনধিক ৫% ব্যয় করা যাবে; এবং |
| ৬.৩ | প্রকল্প পরিচালক/কর্মসূচী সমন্বয়কারী পরিচালক সংশ্লিষ্ট প্রকল্পের বরাদ্দ হতে পোনামাছ অবমুক্তির জন্য মৎস্য অধিদপ্তরের পরিচালন বাজেট বরাদ্দের সাথে সমন্বয় করে অর্থ বরাদ্দ প্রদান করবেন এবং আবশ্যিকভাবে মৎস্য অধিদপ্তর এর মহাপরিচালককে অবহিত করবেন। |
| **৭.০** | **পোনামাছ অবমুক্তির জন্য উপযুক্ত জলাশয় নির্বাচনে বিবেচ্য বিষয়:** |
| ৭.১ | পোনামাছ অবমুক্তির জন্য নিম্নলিখিত বৈশিষ্ট্যসম্পন্ন উপযুক্ত জলাশয় নির্বাচন করা যাবে - |
| | (ক) খাল-বিল, হাওর, বাঁওড়, মরা নদী, পোল্ডার, ঘের, বরোপিট, ডোবা-নালা ইত্যাদি খাস ও সরকারি উপযুক্ত জলাশয়; |
| | (খ) সরকারি/আধাসরকারি দপ্তর/প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণ ও মালিকানাধীন খাস ও সরকারি উপযুক্ত জলাশয়; |
| | (গ) বিভিন্ন শিক্ষা, ধর্মীয় এবং জনকল্যাণমুখী প্রতিষ্ঠান বা সমিতির নিয়ন্ত্রণ ও মালিকানাধীন উপযুক্ত জলাশয়; |
| | (ঘ) গুচ্ছগ্রাম, আশ্রয়ন, আবাসন প্রকল্প বা সরকারি পুনর্বাসন এলাকার আওতাভুক্ত জলাশয়; |
| | (ঙ) ইজারাধীন কোন জলাশয়ে পোনা অবমুক্ত করা যাবে না। |
| | (চ) মাছ চাষ ও ব্যবস্থাপনার জন্য উপযুক্ত খাস ও সরকারি জলাশয় এবং প্লাবনভূমি/প্রাতিষ্ঠানিক জলাশয়; যেখানে বছরের সবসময় বা বর্ষা মৌসুমে বা পোনামাছ অবমুক্তির পরে ন্যুনতম ৪ (চার) মাস কমপক্ষে ৩ ফুট গভীর পানি বিদ্যমান থাকবে; |
| ৭.২ | দেশের অভ্যন্তরীণ প্রবহমান নদ-নদীতে এ কার্যক্রমের আওতায় পোনামাছ অবমুক্ত করা যাবে, তবে এক্ষেত্রে প্রকল্প বা সুনির্দিষ্ট কার্যক্রম বা মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর এর অনুমোদনক্রমে পোনা অবমুক্তি কার্যক্রম বাস্তবায়ন করবে; |
| ৭.৩ | মোট বরাদ্দকৃত অর্থের অনধিক শতকরা ৫০ ভাগ অর্থে ক্রয়কৃত পোনা সরকারি/আধাসরকারি দপ্তর/প্রতিষ্ঠান এর জলাশয়ে অবমুক্ত করা যাবে; |
| ৭.৪ | ব্যক্তি মালিকানাধীন কোন জলাশয় পোনামাছ অবমুক্তির জন্য নির্বাচন করা যাবে না; |
| ৭.৫ | পোনামাছ অবুমক্তির পরে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান নিজস্ব তহবিল হতে মাছচাষ ব্যবস্থাপনার প্রয়োজনীয় ব্যয়ভার বহন করবে এবং আহরিত মাছের কমপক্ষে ১০% স্থানীয় দুস্থ পরিবার/এতিম/প্রতিবন্ধি পরিবার/বৃদ্ধাশ্রম/সরকারি বা সরকার অনুমোদিত এতিমখানায় বিতরণ করবে ; |

| | |
|---|---|
| ৭.৬ | মৎস্য অধিদপ্তরের উন্নয়ন প্রকল্পভূক্ত যেসব জলাশয় পোনামাছ অবমুক্তি কার্যক্রমের আওতায় রয়েছে বা ইতোমধ্যে পোনামাছ অবমুক্ত করা হয়েছে বা অবমুক্তির পরিকল্পনা রয়েছে সেসব জলাশয়ে একই অর্থবছরে পরিচালন বাজেটের আওতায় পোনামাছ অবমুক্ত করা যাবে না; এবং |
| ৭.৭ | যদি কোন জলাশয় একাধিক উপজেলায় বিদ্যমান থাকে সেক্ষেত্রে সর্বাধিক অংশভূক্ত উপজেলা পোনা অবমুক্তি করতে পারবে। |
| **৮.০** | **অবমুক্তযোগ্য মাছের পোনা নির্বাচন** |
| ৮.১ | কৌলিতাত্ত্বিক গুণগত মানসম্পন্ন ও অন্তঃপ্রজননমুক্ত সুস্থ, সবল ও জীবন্ত পোনামাছ। |
| ৮.২ | রুই জাতীয় মাছের (রুই, কাতলা, মৃগেল, কালিবাউস ও গনিয়া) ১০-১৫ সে.মি. আকারের পোনামাছ। |
| ৮.৩ | অবমুক্তকৃত পোনামাছের প্রাপ্যতার ভিত্তিতে মোট ওজনের ৫-১০ শতাংশ দেশীয় প্রজাতির ৩-৫ সে.মি. আকারের অন্যান্য পোনামাছ (শিং, মাগুর, ফলি, চিতল, মেনি, পাবদা, গুলশা ও গলদা চিংড়ির জুভেনাইল ইত্যাদি)। |
| ৮.৪ | উন্মুক্ত জলাশয়ে হেক্টর প্রতি সর্বোচ্চ ২৫ কেজি এবং প্রাতিষ্ঠানিক জলাশয়ের ক্ষেত্রে হেক্টর প্রতি সর্বোচ্চ ১৫০ কেজি পোনামাছ অবমুক্ত করা যাবে। তবে স্থানীয়ভাবে কমিটির সিদ্ধান্তের আলোকে পরিমান পুনঃ নির্ধারণ করা যাবে। |
| ৮.৫ | বিদ্যমান মাছ চাষ ব্যবস্থাপনার ওপর ভিত্তি করে জেলা ও উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট কমিটি অবমুক্তযোগ্য পোনার মোট পরিমানের ওপর ভিত্তি করে প্রজাতি ভিত্তিক আনুপাতিক হার নির্ধারণ করতে পারবে। |
| **৯.০** | **পোনামাছ অবমুক্তির জন্য সময়কাল**<br>১৫ এপ্রিল হতে ১৫ অক্টোবরের মধ্যে পোনামাছ অবমুক্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। |
| **১০.০** | **পোনামাছ ক্রয় ও সংগ্রহ প্রক্রিয়া** |
| ১০.১ | অবমুক্তযোগ্য গুণগত মানসম্পন্ন পোনামাছ ক্রয়ের নিমিত্ত বরাদ্দকৃত অর্থ পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬; পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এবং সরকারিভাবে অর্পিত আর্থিক ক্ষমতা অনুযায়ী যথাযথভাবে ব্যয় করতে হবে। |
| ১০.২ | জেলাধীন সরকারি মৎস্য বীজ উৎপাদন খামার/হ্যাচারি/নার্সারি থেকে অগ্রাধিকারভিত্তিতে পোনামাছ ক্রয় বা সংগ্রহ করতে হবে; এক্ষেত্রে পোনামাছ ক্রয় ও সংগ্রহের জন্য কোন দরপত্র বা কোটেশন আহবানের প্রয়োজন হবে না। |
| ১০.৩ | সরকারি মৎস্যবীজ উৎপাদন খামার/হ্যাচারি/নার্সারি থেকে পোনামাছ পাওয়া না গেলে ক্রয় সংক্রান্ত আইন ও বিধানাবলী অনুসরণপূর্বক সংশ্লিষ্ট খামার ব্যবস্থাপক/কর্মকর্তার নিকট হতে পোনামাছ না প্রাপ্যতার প্রত্যয়নপত্র নিয়ে পোনামাছ ক্রয়/সংগ্রহ করা যাবে। |
| ১০.৪ | যে জেলায় সরকারি মৎস্য বীজ উৎপাদন খামার/হ্যাচারি/নার্সারি নেই; সেখানে পার্শ্ববর্তী/নিকটবর্তী জেলার সরকারি মৎস্য বীজ উৎপাদন খামার/হ্যাচারি/নার্সারি থেকে পোনামাছ ক্রয়/সংগ্রহ করা যাবে। |
| ১০.৫ | পোনামাছ ক্রয়ের সার্বিক কার্যক্রম মৎস্য অধিদপ্তরের বরাদ্দ সাপেক্ষে সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর বা সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর কর্তৃক সম্পাদিত হবে। |
| **১১.০** | **উপজেলা পর্যায়ে জলাশয় নির্বাচন, পোনামাছ সংগ্রহ ও অবমুক্তকরণ কমিটি**<br>প্রতি উপজেলায় 'জলাশয় নির্বাচন, পোনামাছ সংগ্রহ ও অবমুক্তকরণ কমিটি' নামে একটি কমিটি থাকবে। |

| | |
|---|---|
| ১.১ | **কমিটির রূপরেখা** |

| | | |
|---|---|---|
| (ক) | মাননীয় জাতীয় সংসদ সদস্য | প্রধান উপদেষ্টা |
| (খ) | উপজেলা চেয়ারম্যান | উপদেষ্টা |
| (গ) | উপজেলা ভাইস চেয়ারম্যান | উপদেষ্টা |
| (ঘ) | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান | উপদেষ্টা |
| (ঙ) | পৌরসভার মেয়র | উপদেষ্টা |
| (চ) | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| (ছ) | উপজেলা কৃষি কর্মকর্তা | সদস্য |
| (জ) | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সদস্য |
| (ঝ) | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| (ঞ) | উপজেলা সমবায় কর্মকর্তা | সদস্য |
| (ট) | সভাপতি কর্তৃক মনোনীত ১(এক) জন সমাজসেবক/গণ্যমান্য ব্যক্তি | সদস্য |
| (ঠ) | স্থানীয় মৎস্যজীবী/ প্রাতিষ্ঠানিক জলাশয়ের প্রতিনিধি ২(দুই) জন (সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক মনোনীত) | সদস্য |
| (ড) | সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা | সদস্য-সচিব |

১১.২ **কমিটির কার্যপরিধি**

(ক) পোনামাছ অবমুক্ত করার জন্য উপযুক্ত জলাশয় নির্বাচন করবে।

(খ) জলাশয়ভিত্তিক বিভিন্ন জাত/প্রজাতির নির্দিষ্ট পরিমাণ ও আকারের সুস্থ, সবল ও জীবন্ত পোনামাছ গ্রহণ করে তা নির্দিষ্ট জলাশয়ে অবমুক্তির ব্যবস্থা গ্রহণ করবে।

(গ) কমিটি পোনা অবমুক্তির জন্য সুবিধাজনক সময়ে সভা আহ্বান করতে পারবে।

(ঘ) পোনা অবমুক্তির সময় ও স্থান নির্ধারণ করবে।

(ঙ) অবমুক্তকৃত পোনামাছ নিয়মিত পরিদর্শন করতে পারবে।

(চ) কোন উপদেষ্টার অনুপস্থিতির কারণে সভার সিদ্ধান্ত বা সুপারিশ বাস্তবায়নে প্রতবন্ধকতা থাকবে না।(ছ) স্থানীয় জনপ্রতিনিধি (মাননীয় সংসদ সদস্য, মেয়র, সিটি করেপারেশন, উপজেলা চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান/পৌর মেয়র, সিটি/পৌর কাউন্সিলর, ইউপি চেয়ারম্যান ও সদস্য), স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং সুশীল সমাজের প্রতিনিধির উপস্থিতিতে উৎসাহ ও উদ্দীপনার সাথে পোনামাছ অবমুক্তির ব্যবস্থা করা যাবে।

১১.৩ **সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যপরিধি**

(ক) সভায় উপস্থাপনের নিমিত্ত পোনামাছ অবমুক্তির জন্য সম্ভাব্য জলাশয়ের তালিকা ও প্রজাতিভিত্তিক পোনার পরিমান প্রাথমিকভাবে নির্ধারণ করবেন।

(খ) বরাদ্দকৃত অর্থের মধ্যে সীমাবদ্ধ থেকে বিধি মোতাবেক পোনামাছ ক্রয়ের ব্যবস্থা করবেন।

(গ) নির্বাচিত পোনামাছ সরবরাহকারী ব্যক্তি/প্রতিষ্ঠান, চাহিদা ও শর্তানুযায়ী যাতে নির্দিষ্ট পরিমাণ ও আকারের মানসম্মত সুস্থ, সবল ও জীবন্ত পোনামাছ সরবরাহ করেন তা নিশ্চিত করবেন।

(ঘ) সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা তাঁর আওতাধীন পোনামাছ অবমুক্তির জন্য বিবেচনাযোগ্য জলাশয় এর বেজলাইন তথ্যাদি সংগ্রহ ও সংরক্ষণের ব্যবস্থা করবেন।

(ঙ) জলাশয় এর আয়তন, সংলগ্ন সুফলভোগীর সংখ্যা এবং অবমুক্তকৃত পোনামাছের পরিমান (কেজি) ও সংখ্যা(টি) এর হিসাব সংরক্ষণ করবেন এবং প্রভাব নিরূপন করবেন।

(চ) প্রধান উপদেষ্টা ও সভাপতির সাথে আলোচনাক্রমে সভার তারিখ নির্ধারণ করবেন ও সভা আহ্বান করবেন।

| | |
|---|---|
| | (ছ) সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা ও কমিটির সদস্যসচিব প্রতিটি পোনা অবমুক্তি কার্যক্রম শেষে 'সংযোজনী-১' মোতাবেক উপস্থিত কমিটির অন্যান্য সদস্যের স্বাক্ষরযুক্ত একটি প্রত্যয়নপত্র গ্রহণ করবেন এবং এর মূলকপি কপি তার দপ্তরে সংরক্ষণ করে ছায়ালিপি সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তা ও বিভাগীয় উপপরিচালকের দপ্তরে প্রেরণ করবেন। |
| ১২.০ | **জেলা পর্যায়ে জলাশয় নির্বাচন, পোনামাছ সংগ্রহ ও অবমুক্তকরণ কমিটি**<br>জাতীয় পর্যায়ে মৎস্য সপ্তাহ উদযাপনসহ ক্ষেত্র বিশেষে জেলা মৎস্য দপ্তরের মাধ্যমে বিভিন্ন জলাশয়ে পোনামাছ অবমুক্তকরণের বিশেষ কার্যক্রম গ্রহণ করা হয়ে থাকে বিধায় জেলা পর্যায়ে জেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক পোনামাছ অবমুক্তি কার্যক্রম বাস্তবায়ন ও তত্ত্বাবধানের জন্য জেলা পর্যায়ে 'জলাশয় নির্বাচন, পোনামাছ সংগ্রহ ও অবমুক্তকরণ কমিটি' নামে একটি কমিটি থাকবে। |
| ১২.১ | **কমিটির রূপরেখা** |

| | | |
|---|---|---|
| (ক) | মাননীয় জাতীয় সংসদ সদস্য (সংশ্লিষ্ট নির্বাচনী এলাকা) | উপদেষ্টা |
| (খ) | জেলা মৎস্য কর্মকর্তা | সভাপতি |
| (গ) | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| (ঘ) | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সদস্য |
| (ঙ) | জেলা প্রশাসক এর একজন প্রতিনিধি | সদস্য |
| (চ) | জেলা সমবায় কর্মকর্তা | সদস্য |
| (ছ) | স্থানীয় মৎস্যজীবী/প্রাতিষ্ঠানিক জলাশয়ের প্রতিনিধি ১(এক) জন (জেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক মনোনীত) | সদস্য |
| (জ) | সিনিয়র সহকারী পরিচালক/সহকারী পরিচালক, সংশ্লিষ্ট জেলা মৎস্য দপ্তর | সদস্য সচিব |

১২.২ **কমিটির কার্যপরিধি**

(ক) পোনামাছ অবমুক্তির জন্য জেলার বিভিন্ন উপজেলাধীন জলাশয় নির্বাচন করতে পারবে।

(খ) বরাদ্দকৃত অর্থের মধ্যে সীমাবদ্ধ থেকে বিধি মোতাবেক জলাশয়ভিত্তিক বিভিন্ন জাত/প্রজাতির নির্দিষ্ট পরিমাণ ও আকারের মানসম্মত সুস্থ, সবল ও জীবন্ত পোনামাছ সংগ্রহ করে তা নির্দিষ্ট জলাশয়ে অবমুক্তির ব্যবস্থা গ্রহণ করবে।

(গ) পোনার মান সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা নিশ্চিত করবেন;

(ঘ) কমিটি পোনা অবমুক্তির জন্য সুবিধাজনক সময়ে সভা আহ্বান করতে পারবে;

(ঙ) পোনা অবমুক্তির সময় ও স্থান নির্ধারণ করবে;

(চ) অবমুক্তকৃত পোনামাছ নিয়মিত পরিদর্শন করতে পারবে;

(ছ) উপদেষ্টার অনুপস্থিতির কারণে সভার সিদ্ধান্ত বা সুপারিশ বাস্তবায়নে প্রতিবন্ধকতা থাকবেনা;

(জ) স্থানীয় জনপ্রতিনিধি (মাননীয় সংসদ সদস্য, সিটি মেয়র, জেলা পরিষদের চেয়ারম্যান বা সদস্যবৃন্দ, উপজেলা চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, পৌর মেয়র, পৌর কাউন্সিলর), স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং সুশীল সমাজের প্রতিনিধির উপস্থিতিতে উৎসাহ ও উদ্দীপনার সাথে পোনামাছ অবমুক্তির ব্যবস্থা করা যাবে; এবং

(ঝ) পোনা অবমুক্তি কার্যক্রম শেষে জেলা মৎস্য কর্মকর্তা কির্মসূচী বাস্তবায়নের প্রতিবেদন মহাপরিচালক বরাবর প্রেরণ করবেন এবং উহার অনুলিপি উপরিচালক বরাবরে প্রেরণ করবেন।

মূলকপি কপি জেলা মৎস্য দপ্তরে সংরক্ষণ করে ছায়ালিপি সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালকের দপ্তরে প্রেরণ করবেন।

| | |
|---|---|
| **১৩.০** | **পোনামাছ অবমুক্তি কার্যক্রম তত্ত্বাবধান** |
| | মৎস্য অধিদপ্তরের সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালক এবং জেলা মৎস্য কর্মকর্তাগণ-<br>(১) স্ব-স্ব বিভাগ ও জেলার পোনামাছ অবমুক্তি কার্যক্রম সার্বিকভাবে তত্ত্বাবধান করবেন।<br>(২) পোনামাছ অবমুক্তির জন্য জলাভূমি/জলাশয় নির্বাচন সঠিক হয়েছে কিনা, পোনা অবমুক্তি কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন হচ্ছে কিনা তা পর্যবেক্ষণ ও স্থানীয়ভাবে পরিদর্শন করবেন এবং সুষ্ঠুভাবে পোনা মাছ অবমুক্তি কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে পরামর্শ প্রদান করবেন।<br>(৩) অবমুক্তকৃত পোনামাছ সংরক্ষণ এবং তা নিধনরোধে স্থানীয় প্রশাসনের সহযোগিতায় যথাযথ পদক্ষেপ গ্রহণ করবেন।<br>(৪) বিভাগীয় উপপরিচালক পোনামাছ অবমুক্তি কার্যক্রম শেষে ও অধিদপ্তরের চাহিদা মাফিক সময়ে সময়ে নির্ধারিত ছক **(সংযোজনী-২)** অনুসরণে স্ব স্ব বিভাগের একীভূত প্রতিবেদন মহাপরিচালক বরাবরে প্রেরণ করবেন। |

**১৪.০ বিবিধ**

১৫.১ এই নির্দেশিকার প্রযোজ্য অংশ অনুসরণপূর্বক উপজেলা/জেলা পরিষদ বা সরকারি ও বেসরকারি অন্য কোন সংস্থা পোনা অবমুক্ত করতে পারবে।

১৫.২ এই নির্দেশিকার পরিবর্তন, পরিমার্জন অথবা সংশোধনের যে-কোন সিদ্ধান্ত গ্রহণের অধিকার সরকার সংরক্ষণ করবে এবং অনুরূপ সিদ্ধান্ত বাস্তবায়নে প্রজ্ঞাপন আকারে জারি করতে পারবে।

১৫.৩ এইরূপ জারিকৃত প্রজ্ঞাপনে উল্লিখিত সিদ্ধান্ত নির্দেশিকার অংশ হিসেবে গন্য হবে এবং এই উপ-অনুচ্ছেদের সংশোধনী অন্তর্ভূক্তের পূর্বে সরকার কোন সংশোধন আনয়ন করলে তা' এ উপ-অনুচ্ছেদের অধীন আনয়ন করা হয়েছে মর্মে গণ্য হবে।

১৫.৪ এই নির্দেশিকার কোন বিষয় অস্পষ্ট থাকলে তা' সরকার প্রজ্ঞাপন জারির মাধ্যমে স্পষ্টীকরণ করতে পারবে এবং সরকারের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

**সংযোজনী-১**

## প্রত্যয়নপত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, খামার/নিধারিত সরবরাহকারী জনাব/মেসার্স-----------------------------

-------------ঠিকানা------------------------------------------- কর্তৃক নির্বাচিত জলাশয়ে------------------------

- (নাম ও ঠিকানা উল্লেখ করতে হবে) ------------------তারিখে নির্ধারিত পরিমাণ (-----------কেজি,-----------টি)

গুণগত মানসম্পন্ন পোনামাছ সরবরাহ করেছেন এবং তা যথাযথভাবে অবমুক্ত করা হয়েছে।

কমিটির সদস্য গণের স্বাক্ষর

-১২৮- ৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য-২ অধিশাখা

**বিষয়ঃ মৎস্য অধিদপ্তরের আওতায় অভ্যন্তরীণ জলাভুমি এবং বর্ষাপ্লাবিত ধানক্ষেত/ প্লাবিনভুমি/ প্রাতিষ্ঠানিক জলাশয়ে পোনামাছ অবমুক্তি কার্যক্রম নির্দেশনা-২০২২ (খসড়া) চূড়ান্তকরণ সংক্রান্ত সভা**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ হামিদুর রহমান, যুগ্ম সচিব, (ব্লু-ইকোনমি) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। |
| সভার তারিখ | : | ১৬/০১/২০২৩ খ্রিঃ। |
| সময় | : | বেলা ০৯.১৫ ঘটিকা। |
| স্থান | : | মৎস্য অধিদপ্তরের সম্মেলন কক্ষ । |

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট ‘ক’ তে দেখানো হলো।

সভাপতি সভার শুরুতে সকলকে স্বাগত জানান। তিনি উপসচিব, মৎস্য-২ অধিশাখাকে মৎস্য অধিদপ্তর হতে প্রাপ্ত মৎস্য অধিদপ্তরের আওতায় অভ্যন্তরীণ জলাভুমি এবং বর্ষাপ্লাবিত ধানক্ষেত/ প্লাবিনভুমি/ প্রাতিষ্ঠানিক জলাশয়ে পোনামাছ অবমুক্তি কার্যক্রম নির্দেশাবলী, ২০২২ (খসড়া) উপস্থাপনের জন্য অনুরোধ করেন। তিনি আরো জানান গত ০৬/০৪/২০২২ এবং ০৪/১০/২০২২ তারিখ দুটি সভা অনুষ্ঠিত হয়েছে । উক্ত সভার সিদ্ধার আলোচনার আলোকে খসড়া প্রস্তুত করা হয়েছে ।

০২। হালনাগাদকৃত খসড়া নির্দেশমালার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নরূপে মৎস্য অধিদপ্তরের আওতায় অভ্যন্তরীণ জলাভুমি এবং বর্ষাপ্লাবিত ধানক্ষেত/ প্লাবিনভুমি/ প্রাতিষ্ঠানিক জলাশয়ে পোনামাছ অবমুক্তি কার্যক্রম নির্দেশাবলী, ২০২৩ নামে খসড়া প্রস্তুত এবং অনুমোদনের জন্য সুপারিশ করা হলো।

সিদ্ধান্ত :

ক) মৎস্য অধিদপ্তরের আওতায় অভ্যন্তরীণ জলাভুমি এবং বর্ষাপ্লাবিত ধানক্ষেত/ প্লাবিনভুমি/ প্রাতিষ্ঠানিক জলাশয়ে পোনামাছ অবমুক্তি কার্যক্রম নির্দেশাবলী, ২০২৩ নামে খসড়া প্রস্তুত এবং অনুমোদনের জন্য সুপারিশ করা হলো ;

## “পোনামাছ অবমুক্তি নির্দেশিকা, ২০২৩” (খসড়া)

“মাছে ভাতে বাঙালি”- এই পরিচয়েই নিহিত রয়েছে আমাদের জাতীয় জীবনে মৎস্যের গুরুত্ব। দেশের আপামর জনগোষ্ঠীর স্বাস্থ্য সুরক্ষায় আমিষের চাহিদা পূরণ, কর্মসংস্থান সৃষ্টি, দারিদ্র বিমোচনসহ মূল্যবান বৈদেশিক মুদ্রা অর্জনের মাধ্যমে এ দেশের আর্থসামাজিক অগ্রগতিতে মৎস্য সেক্টরের ভূমিকা অপরিসীম। সরকার মৎস্যখাতের বিপুল সম্ভাবনা ও গুরুত্ব বিবেচনায় নিয়ে এর উন্নয়নে সময়োপযোগী নানা কার্যক্রম গ্রহণ করেছে। এরই ধারাবাহিকতায় দেশের অভ্যন্তরীণ উৎস হতে যুগপৎ মাছের উৎপাদন বৃদ্ধি ও জলাভূমির উৎপাদনশীলতা ক্রমোন্নয়নের লক্ষ্যে খাল-বিল, হাওড়, বাঁওড়, সরকারি/আধাসরকারি দপ্তর/প্রতিষ্ঠান এর পুকুর, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয় এবং জনকল্যাণমুখী সংগঠন/সমিতির উপযুক্ত জলাভূমিতে পোনামাছ অবমুক্তি কার্যক্রম গুরুত্বের সাথে বাস্তবায়ন করছে। পেশাগতভাবে প্রাকৃতিক মৎস্য সম্পদের ওপর নির্ভরশীল জেলে/মৎস্যজীবী সম্প্রদায়, চাহিদাসম্পন্ন অভিষ্ট সুফলভোগী ও ভূমিহীন দরিদ্র জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের পাশাপাশি দেশের আপামর জনসাধারণের পুষ্টি চাহিদা পূরণের লক্ষ্যে মাছের সরবরাহ বৃদ্ধি করা এ কার্যক্রমের অন্যতম উদ্দেশ্য। সে লক্ষ্য ও উদ্দেশ্য পূরণকল্পে দেশের অভ্যন্তরীণ উপযুক্ত জলাভূমিতে পোনামাছ অবমুক্তি কার্যক্রম বাস্তবায়নে একটি যুগোপযোগী ‘পোনা অবমুক্তি নির্দেশিকা’ প্রণয়ন আবশ্যাক।

| | |
|---|---|
| ২.০ | **শিরোনাম ও প্রয়োগ :** |
| | ২.১ এ নির্দেশিকা **'পোনামাছ অবমুক্তি নির্দেশিকা- ২০২৩'** নামে অভিহিত হবে;<br>২.২ ইহা তাৎক্ষণিকভাবে কার্যকর হবে। |
| ৩.০ | **সংজ্ঞার্থ**।-বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই নির্দেশিকায় |
| ৩.১ | **'জলাশয়'** অর্থ সরকারী বা ব্যক্তি মালিকানাধীন প্রাকৃতিক কোন উন্মুক্ত অথবা বদ্ধ জলাধার, পুকুর, পোল্ডার, বরোপিট হাওড়, বাঁওড়, প্লাবনভূমি, মরা নদী, হ্রদ বা কৃত্রিম উপায়ে সৃষ্ট বৃহৎ কোনো জলাশয়; |
| ৩.২ | **'উপযুক্ত জলাশয়'** বলতে প্রাকৃতিকভাবে মাছের আবাস বা মাছচাষের জন্য অনুকূল জলাশয়; |
| ৩.৩ | **'নির্বাচিত উপযুক্ত জলাশয়'** বলতে এ নির্দেশিকায় অনুচ্ছেদ ৭ এ বর্ণিত শর্তাবলী অনুসরণে পোনামাছ অবমুক্তির জন্য কমিটি কর্তৃক নির্বাচিত উপযুক্ত জলাশয়; |
| ৩.৪ | **'জেলে বা মৎস্যজীবী'** অর্থ মৎস্য অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত জেলে যিনি বাংলাদেশের ভৌগোলিক সীমানার মধ্যে কোনো জলাশয়ে পেশাগতভাবে জাল, অন্যান্য সরঞ্জাম অথবা নৌকা অথবা নৌযান ব্যবহারপূর্বক সারা বৎসর অথবা বৎসরের নির্দিষ্ট সময়ে (ন্যূনতম ৪ মাস) মৎস্য আহরণ করে জীবিকা নির্বাহ করে; |
| ৩.৫ | **'পোনা মাছ'** অর্থ এ নির্দেশিকার আলোকে অবমুক্তিযোগ্য মাছের পোনা; |
| ৩.৬ | **'সুফলভোগী'** অর্থ সংশ্লিষ্ট জলাশয়ের নিকটবর্তী বা চর্তুরপার্শ্বের এলাকায় বসবাসকারী জনগোষ্ঠী এবং জেলে ও তাদের পরিবার যাদের জীবন ও জীবিকা সর্ম্পূণরূপে বা আংশিকভাবে উক্ত জলাশয় হতে মাছ আহরণের ওপর প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নির্ভরশীল; |
| ৩.৭ | **'সমিতি'** অর্থ সমবায় অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত সমিতি; |
| ৩.৮ | **'কমিটি'** অর্থ ১১ ও ১২ নং অনুচ্ছেদে বণিত কমিটিকে বুঝায়; |
| ৩.৯ | **'মহাপরিচালক'** অর্থ মৎস্য অধিদপ্তরের মহাপরিচালক; |
| ৩.১০ | **'কর্তৃপক্ষ'** অর্থ মৎস্য অধিদপ্তরের মহাপরিচালক বা তাঁর দ্বারা ক্ষমতাপ্রাপ্ত উপযুক্ত কর্মকর্তা; এবং |
| ৩.১১ | **'সরকার'** অর্থ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। |
| ৪.০ | **উদ্দেশ্য** |
| ৪.১ | নির্বাচিত জলাশয়ে মানসম্মত পোনার অবমুক্তকরণ; |
| ৪.২ | অভ্যন্তরীণ জলাভূমিতে মাছের উৎপাদন বৃদ্ধির মাধ্যমে আপামর জনসাধারণের প্রাণিজ পুষ্টি চাহিদা পূরণে অবদান রাখা; এবং |
| ৪.৩ | সুফলভোগী ও প্রান্তিক পর্যায়ের দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টি ও আর্থসামাজিক উন্নয়ন। |
| ৫.০ | **প্রয়োগক্ষেত্র:** |
| | এ নির্দেশিকা বাংলাদেশের অভ্যন্তরীণ জলাশয়ে পোনা অবমুক্তি কার্যক্রম বাস্তবায়নে প্রযোজ্য হবে। |
| ৬.০ | **জেলা/উপজেলা ভিত্তিক পোনামাছ অবমুক্তি কার্যক্রমের অর্থ বরাদ্দ/বিভাজন পদ্ধতি:** |
| ৬.১ | মৎস্য অধিদপ্তরের পরিচালন ও উন্নয়ন বাজেট বরাদ্দের সংশ্লিষ্ট খাত হতে মহাপরিচালক বা মহাপরিচালকের অনুমোদনক্রমে পোনামাছ অবমুক্তির জন্য জেলা/উপজেলার জলাশয় এবং উপযুক্ত প্লাবনভূমির আয়তন/আধিক্য বিবেচনায় নিয়ে জেলা/উপজেলা ভিত্তিক অর্থ বরাদ্দ প্রদান এবং প্রয়োজনে বরাদ্দ পুনঃনির্ধারণ ; |
| ৬.২ | পোনামাছ অবমুক্তি সংক্রান্ত প্রাক কাজের আনুষঙ্গিক ব্যয় ও পরবর্তী কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়নসহ বিবিধ কাজের ব্যয় নির্বাহের জন্য পোনা অবমুক্তির মোট বরাদ্দের অনধিক ৫% ব্যয় করা যাবে; এবং |

-221 9

| | |
|---|---|
| ৬.৩ | প্রকল্প পরিচালক/কর্মসূচী সমন্বয়কারী পরিচালক সংশ্লিষ্ট প্রকল্পের বরাদ্দ হতে পোনামাছ অবমুক্তির জন্য মৎস্য অধিদপ্তরের পরিচালন বাজেট বরাদ্দের সাথে সমন্বয় করে অর্থ বরাদ্দ প্রদান করবেন এবং আবশ্যিকভাবে মৎস্য অধিদপ্তর এর মহাপরিচালককে অবহিত করবেন। |
| **৭.০** | **পোনামাছ অবমুক্তির জন্য উপযুক্ত জলাশয় নির্বাচনে বিবেচ্য বিষয়:** |
| ৭.১ | পোনামাছ অবমুক্তির জন্য নিম্নলিখিত বৈশিষ্ট্যসম্পন্ন উপযুক্ত জলাশয় নির্বাচন করা যাবে - |
| | (ক) খাল-বিল, হাওর, বাঁওড়, মরা নদী, পোল্ডার, ঘের, বরোপিট, ডোবা-নালা ইত্যাদি খাস ও সরকারি উপযুক্ত জলাশয়; |
| | (খ) সরকারি/আধাসরকারি দপ্তর/প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণ ও মালিকানাধীন খাস ও সরকারি উপযুক্ত জলাশয়; |
| | (গ) বিভিন্ন শিক্ষা, ধর্মীয় এবং জনকল্যাণমুখী প্রতিষ্ঠান বা সমিতির নিয়ন্ত্রণ ও মালিকানাধীন উপযুক্ত জলাশয়; |
| | (ঘ) গুচ্ছগ্রাম, আশ্রয়ন, আবাসন প্রকল্প বা সরকারি পুনর্বাসন এলাকার আওতাভুক্ত জলাশয়; |
| | (ঙ) ইজারাধীন কোন জলাশয়ে পোনা অবমুক্ত করা যাবে না। |
| | (চ) মাছ চাষ ও ব্যবস্থাপনার জন্য উপযুক্ত খাস ও সরকারি জলাশয় এবং প্লাবনভূমি/প্রাতিষ্ঠানিক জলাশয়; যেখানে বছরের সবসময় বা বর্ষা মৌসুমে বা পোনামাছ অবমুক্তির পরে ন্যুনতম ৪ (চার) মাস কমপক্ষে ৩ ফুট গভীর পানি বিদ্যমান থাকবে; |
| ৭.২ | দেশের অভ্যন্তরীণ প্রবহমান নদ-নদীতে এ কার্যক্রমের আওতায় পোনামাছ অবমুক্ত করা যাবে, তবে এক্ষেত্রে প্রকল্প বা সুনির্দিষ্ট কার্যক্রম বা মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর এর অনুমোদনক্রমে পোনা অবমুক্তি কার্যক্রম বাস্তবায়ন করবে; |
| ৭.৩ | মোট বরাদ্দকৃত অর্থের অনধিক শতকরা ৫০ ভাগ অর্থে ক্রয়কৃত পোনা সরকারি/আধাসরকারি দপ্তর/প্রতিষ্ঠান এর জলাশয়ে অবমুক্ত করা যাবে; |
| ৭.৪ | ব্যক্তি মালিকানাধীন কোন জলাশয় পোনামাছ অবমুক্তির জন্য নির্বাচন করা যাবে না; |
| ৭.৫ | পোনামাছ অবুমক্তির পরে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান নিজস্ব তহবিল হতে মাছচাষ ব্যবস্থাপনার প্রয়োজনীয় ব্যয়ভার বহন করবে এবং আহরিত মাছের কমপক্ষে ১০% স্থানীয় দুস্থ পরিবার/এতিম/প্রতিবন্ধি পরিবার/বৃদ্ধাশ্রম/সরকারি বা সরকার অনুমোদিত এতিমখানায় বিতরণ করবে ; |
| ৭.৬ | মৎস্য অধিদপ্তরের উন্নয়ন প্রকল্পভূক্ত যেসব জলাশয় পোনামাছ অবমুক্তি কার্যক্রমের আওতায় রয়েছে বা ইতোমধ্যে পোনামাছ অবমুক্ত করা হয়েছে বা অবমুক্তির পরিকল্পনা রয়েছে সেসব জলাশয়ে একই অর্থবছরে পরিচালন বাজেটের আওতায় পোনামাছ অবমুক্ত করা যাবে না; এবং |
| ৭.৭ | যদি কোন জলাশয় একাধিক উপজেলায় বিদ্যমান থাকে সেক্ষেত্রে সর্বাধিক অংশভূক্ত উপজেলা পোনা অবমুক্তি করতে পারবে। |
| **৮.০** | **অবমুক্তযোগ্য মাছের পোনা নির্বাচন** |
| ৮.১ | কৌলিতাত্ত্বিক গুণগত মানসম্পন্ন ও অন্তঃপ্রজননমুক্ত সুস্থ, সবল ও জীবন্ত পোনামাছ। |
| ৮.২ | রুই জাতীয় মাছের (রুই, কাতলা, মৃগেল, কালিবাউস ও গনিয়া) ১০-১৫ সে.মি. আকারের পোনামাছ। |
| ৮.৩ | অবমুক্তকৃত পোনামাছের প্রাপ্যতার ভিত্তিতে মোট ওজনের ৫-১০ শতাংশ দেশীয় প্রজাতির ৩-৫ সে.মি. আকারের অন্যান্য পোনামাছ (শিং, মাগুর, ফলি, চিতল, মেনি, পাবদা, গুলশা ও গলদা চিংড়ির জুভেনাইল ইত্যাদি)। |
| ৮.৪ | উন্মুক্ত জলাশয়ে হেক্টর প্রতি সর্বোচ্চ ২৫ কেজি এবং প্রাতিষ্ঠানিক জলাশয়ের ক্ষেত্রে হেক্টর প্রতি সর্বোচ্চ ১৫০ কেজি পোনামাছ অবমুক্ত করা যাবে। তবে স্থানীয়ভাবে কমিটির সিদ্ধান্তের আলোকে পরিমান পুনঃ নির্ধারণ করা যাবে। |
| ৮.৫ | বিদ্যমান মাছ চাষ ব্যবস্থাপনার ওপর ভিত্তি করে জেলা ও উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট কমিটি অবমুক্তযোগ্য পোনার মোট পরিমানের ওপর ভিত্তি করে প্রজাতি ভিত্তিক আনুপাতিক হার নির্ধারণ করতে পারবে। |

C:\Users\HP\Desktop\রেজুলেশন 19.4.18.doc

**৯.০ পোনামাছ অবমুক্তির জন্য সময়কাল**

১৫ এপ্রিল হতে ১৫ অক্টোবরের মধ্যে পোনামাছ অবমুক্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

**১০.০ পোনামাছ ক্রয় ও সংগ্রহ প্রক্রিয়া**

১০.১ অবমুক্তযোগ্য গুণগত মানসম্পন্ন পোনামাছ ক্রয়ের নিমিত্ত বরাদ্দকৃত অর্থ পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬; পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এবং সরকারিভাবে অর্পিত আর্থিক ক্ষমতা অনুযায়ী যথাযথভাবে ব্যয় করতে হবে।

১০.২ জেলাধীন সরকারি মৎস্য বীজ উৎপাদন খামার/হ্যাচারি/নার্সারি থেকে অগ্রাধিকারভিত্তিতে পোনামাছ ক্রয় বা সংগ্রহ করতে হবে; এক্ষেত্রে পোনামাছ ক্রয় ও সংগ্রহের জন্য কোন দরপত্র বা কোটেশন আহবানের প্রয়োজন হবে না।

১০.৩ সরকারি মৎস্যবীজ উৎপাদন খামার/হ্যাচারি/নার্সারি থেকে পোনামাছ পাওয়া না গেলে ক্রয় সংক্রান্ত আইন ও বিধানাবলী অনুসরণপূর্বক সংশ্লিষ্ট খামার ব্যবস্থাপক/কর্মকর্তার নিকট হতে পোনামাছ না প্রাপ্যতার প্রত্যয়নপত্র নিয়ে পোনামাছ ক্রয়/সংগ্রহ করা যাবে।

১০.৪ যে জেলায় সরকারি মৎস্য বীজ উৎপাদন খামার/হ্যাচারি/নার্সারি নেই; সেখানে পার্শ্ববর্তী/নিকটবর্তী জেলার সরকারি মৎস্য বীজ উৎপাদন খামার/হ্যাচারি/নার্সারি থেকে পোনামাছ ক্রয়/সংগ্রহ করা যাবে।

১০.৫ পোনামাছ ক্রয়ের সার্বিক কার্যক্রম মৎস্য অধিদপ্তরের বরাদ্দ সাপেক্ষে সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর বা সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর কর্তৃক সম্পাদিত হবে।

**১১.০ উপজেলা পর্যায়ে জলাশয় নির্বাচন, পোনামাছ সংগ্রহ ও অবমুক্তকরণ কমিটি**

প্রতি উপজেলায় 'জলাশয় নির্বাচন, পোনামাছ সংগ্রহ ও অবমুক্তকরণ কমিটি' নামে একটি কমিটি থাকবে।

১১.১ **কমিটির রূপরেখা**

| | | |
|---|---|---|
| (ক) | মাননীয় জাতীয় সংসদ সদস্য | প্রধান উপদেষ্টা |
| (খ) | উপজেলা চেয়ারম্যান | উপদেষ্টা |
| (গ) | উপজেলা ভাইস চেয়ারম্যান | উপদেষ্টা |
| (ঘ) | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান | উপদেষ্টা |
| (ঙ) | পৌরসভার মেয়র | উপদেষ্টা |
| (চ) | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| (ছ) | উপজেলা কৃষি কর্মকর্তা | সদস্য |
| (জ) | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সদস্য |
| (ঝ) | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| (ঞ) | উপজেলা সমবায় কর্মকর্তা | সদস্য |
| (ট) | সভাপতি কর্তৃক মনোনীত ১(এক) জন সমাজসেবক/গণ্যমান্য ব্যক্তি | সদস্য |
| (ঠ) | স্থানীয় মৎস্যজীবী/ প্রাতিষ্ঠানিক জলাশয়ের প্রতিনিধি ২(দুই) জন (সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক মনোনীত) | সদস্য |
| (ড) | সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা | সদস্য-সচিব |

১১.২ **কমিটির কার্যপরিধি**

(ক) পোনামাছ অবমুক্ত করার জন্য উপযুক্ত জলাশয় নির্বাচন করবে।

(খ) জলাশয়ভিত্তিক বিভিন্ন জাত/প্রজাতির নির্দিষ্ট পরিমাণ ও আকারের সুস্থ, সবল ও জীবন্ত পোনামাছ গ্রহণ করে তা নির্দিষ্ট জলাশয়ে অবমুক্তির ব্যবস্থা গ্রহণ করবে।

(গ) কমিটি পোনা অবমুক্তির জন্য সুবিধাজনক সময়ে সভা আহ্বান করতে পারবে।

(ঘ) পোনা অবমুক্তির সময় ও স্থান নির্ধারণ করবে।

(ঙ) অবমুক্তকৃত পোনামাছ নিয়মিত পরিদর্শন করতে পারবে।

(চ) কোন উপদেষ্টার অনুপস্থিতির কারণে সভার সিদ্ধান্ত বা সুপারিশ বাস্তবায়নে প্রতবন্ধকতা থাকবে না।(ছ) স্থানীয় জনপ্রতিনিধি (মাননীয় সংসদ সদস্য, মেয়র, সিটি করেপারেশন, উপজেলা চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান/পৌর মেয়র, সিটি/পৌর কাউন্সিলর, ইউপি চেয়ারম্যান ও সদস্য), স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং সুশীল সমাজের প্রতিনিধির উপস্থিতিতে উৎসাহ ও উদ্দীপনার সাথে পোনামাছ অবমুক্তির ব্যবস্থা করা যাবে।

**১১.৩ সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যপরিধি**

(ক) সভায় উপস্থাপনের নিমিত্ত পোনামাছ অবমুক্তির জন্য সম্ভাব্য জলাশয়ের তালিকা ও প্রজাতিভিত্তিক পোনার পরিমান প্রাথমিকভাবে নির্ধারণ করবেন।

(খ) বরাদ্দকৃত অর্থের মধ্যে সীমাবদ্ধ থেকে বিধি মোতাবেক পোনামাছ ক্রয়ের ব্যবস্থা করবেন।

(গ) নির্বাচিত পোনামাছ সরবরাহকারী ব্যক্তি/প্রতিষ্ঠান, চাহিদা ও শর্তানুযায়ী যাতে নির্দিষ্ট পরিমাণ ও আকারের মানসম্মত সুস্থ, সবল ও জীবন্ত পোনামাছ সরবরাহ করেন তা নিশ্চিত করবেন।

(ঘ) সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা তাঁর আওতাধীন পোনামাছ অবমুক্তির জন্য বিবেচনাযোগ্য জলাশয় এর বেজলাইন তথ্যাদি সংগ্রহ ও সংরক্ষণের ব্যবস্থা করবেন।

(ঙ) জলাশয় এর আয়তন, সংলগ্ন সুফলভোগীর সংখ্যা এবং অবমুক্তকৃত পোনামাছের পরিমান (কেজি) ও সংখ্যা(টি) এর হিসাব সংরক্ষণ করবেন এবং প্রভাব নিরূপন করবেন।

(চ) প্রধান উপদেষ্টা ও সভাপতির সাথে আলোচনাক্রমে সভার তারিখ নির্ধারণ করবেন ও সভা আহ্বান করবেন।

(ছ) সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা ও কমিটির সদস্যসচিব প্রতিটি পোনা অবমুক্তি কার্যক্রম শেষে 'সংযোজনী-১' মোতাবেক উপস্থিত কমিটির অন্যান্য সদস্যের স্বাক্ষরযুক্ত একটি প্রত্যয়নপত্র গ্রহণ করবেন এবং এর মূলকপি কপি তার দপ্তরে সংরক্ষণ করে ছায়ালিপি সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তা ও বিভাগীয় উপপরিচালকের দপ্তরে প্রেরণ করবেন।

**১২.০ জেলা পর্যায়ে জলাশয় নির্বাচন, পোনামাছ সংগ্রহ ও অবমুক্তকরণ কমিটি**

জাতীয় পর্যায়ে মৎস্য সপ্তাহ উদযাপনসহ ক্ষেত্র বিশেষে জেলা মৎস্য দপ্তরের মাধ্যমে বিভিন্ন জলাশয়ে পোনামাছ অবমুক্তকরণের বিশেষ কার্যক্রম গ্রহণ করা হয়ে থাকে বিধায় জেলা পর্যায়ে জেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক পোনামাছ অবমুক্তি কার্যক্রম বাস্তবায়ন ও তত্ত্বাবধানের জন্য জেলা পর্যায়ে 'জলাশয় নির্বাচন, পোনামাছ সংগ্রহ ও অবমুক্তকরণ কমিটি' নামে একটি কমিটি থাকবে।

**১২.১ কমিটির রূপরেখা**

| | | |
|---|---|---|
| (ক) | মাননীয় জাতীয় সংসদ সদস্য (সংশ্লিষ্ট নির্বাচনী এলাকা) | উপদেষ্টা |
| (খ) | জেলা মৎস্য কর্মকর্তা | সভাপতি |
| (গ) | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| (ঘ) | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সদস্য |
| (ঙ) | জেলা প্রশাসক এর একজন প্রতিনিধি | সদস্য |
| (চ) | জেলা সমবায় কর্মকর্তা | সদস্য |
| (ছ) | স্থানীয় মৎস্যজীবী/প্রাতিষ্ঠানিক জলাশয়ের প্রতিনিধি ১(এক) জন (জেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক মনোনীত) | সদস্য |
| (জ) | সিনিয়র সহকারী পরিচালক/সহকারী পরিচালক, সংশ্লিষ্ট জেলা মৎস্য দপ্তর | সদস্য সচিব |

**১২.২ কমিটির কার্যপরিধি**

(ক) পোনামাছ অবমুক্তির জন্য জেলার বিভিন্ন উপজেলাধীন জলাশয় নির্বাচন করতে পারবে।

| | |
|---|---|
| | (খ) বরাদ্দকৃত অর্থের মধ্যে সীমাবদ্ধ থেকে বিধি মোতাবেক জলাশয়ভিত্তিক বিভিন্ন জাত/প্রজাতির নির্দিষ্ট পরিমাণ ও আকারের মানসম্মত সুস্থ, সবল ও জীবন্ত পোনামাছ সংগ্রহ করে তা নির্দিষ্ট জলাশয়ে অবমুক্তির ব্যবস্থা গ্রহণ করবে।<br>(গ) পোনার মান সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা নিশ্চিত করবেন;<br>(ঘ) কমিটি পোনা অবমুক্তির জন্য সুবিধাজনক সময়ে সভা আহ্বান করতে পারবে;<br>(ঙ) পোনা অবমুক্তির সময় ও স্থান নির্ধারণ করবে;<br>(চ) অবমুক্তকৃত পোনামাছ নিয়মিত পরিদর্শন করতে পারবে;<br>(ছ) উপদেষ্টার অনুপস্থিতির কারণে সভার সিদ্ধান্ত বা সুপারিশ বাস্তবায়নে প্রতবন্ধকতা থাকবেনা;<br>(জ) স্থানীয় জনপ্রতিনিধি (মাননীয় সংসদ সদস্য, সিটি মেয়র, জেলা পরিষদের চেয়ারম্যান বা সদস্যবৃন্দ, উপজেলা চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, পৌর মেয়র, পৌর কাউন্সিলর), স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং সুশীল সমাজের প্রতিনিধির উপস্থিতিতে উৎসাহ ও উদ্দীপনার সাথে পোনামাছ অবমুক্তির ব্যবস্থা করা যাবে; এবং<br>(ঝ) পোনা অবমুক্তি কার্যক্রম শেষে জেলা মৎস্য কর্মকর্তা কির্মসূচী বাস্তবায়নের প্রতিবেদন মহাপরিচালক বরাবর প্রেরণ করবেন এবং উহার অনুলিপি উপরিচালক বরাবরে প্রেরণ করবেন।<br>মূলকপি কপি জেলা মৎস্য দপ্তরে সংরক্ষণ করে ছায়ালিপি সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালকের দপ্তরে প্রেরণ করবেন। |
| ১৩.০ | **পোনামাছ অবমুক্তি কার্যক্রম তত্ত্বাবধান** |
| | মৎস্য অধিদপ্তরের সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালক এবং জেলা মৎস্য কর্মকর্তাগণ-<br>(১) স্ব-স্ব বিভাগ ও জেলার পোনামাছ অবমুক্তি কার্যক্রম সার্বিকভাবে তত্ত্বাবধান করবেন।<br>(২) পোনামাছ অবমুক্তির জন্য জলাভূমি/জলাশয় নির্বাচন সঠিক হয়েছে কিনা, পোনা অবমুক্তি কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন হচ্ছে কিনা তা পর্যবেক্ষণ ও স্থানীয়ভাবে পরিদর্শন করবেন এবং সুষ্ঠুভাবে পোনা মাছ অবমুক্তি কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে পরামর্শ প্রদান করবেন।<br>(৩) অবমুক্তকৃত পোনামাছ সংরক্ষণ এবং তা নিধনরোধে স্থানীয় প্রশাসনের সহযোগিতায় যথাযথ পদক্ষেপ গ্রহণ করবেন।<br>(৪) বিভাগীয় উপপরিচালক পোনামাছ অবমুক্তি কার্যক্রম শেষে ও অধিদপ্তরের চাহিদা মাফিক সময়ে সময়ে নির্ধারিত ছক **(সংযোজনী-২)** অনুসরণে স্ব স্ব বিভাগের একীভূত প্রতিবেদন মহাপরিচালক বরাবরে প্রেরণ করবেন। |

**১৪.০ বিবিধ**

১৫.১ এই নির্দেশিকার প্রযোজ্য অংশ অনুসরণপূর্বক উপজেলা/জেলা পরিষদ বা সরকারি ও বেসরকারি অন্য কোন সংস্থা পোনা অবমুক্ত করতে পারবে।

১৫.২ এই নির্দেশিকার পরিবর্তন, পরিমার্জন অথবা সংশোধনের যে-কোন সিদ্ধান্ত গ্রহণের অধিকার সরকার সংরক্ষণ করবে এবং অনুরূপ সিদ্ধান্ত বাস্তবায়নে প্রজ্ঞাপন আকারে জারি করতে পারবে।

১৫.৩ এইরূপ জারিকৃত প্রজ্ঞাপনে উল্লিখিত সিদ্ধান্ত নির্দেশিকার অংশ হিসেবে গন্য হবে এবং এই উপ-অনুচ্ছেদের সংশোধনী অন্তর্ভূক্তের পূর্বে সরকার কোন সংশোধন আনয়ন করলে তা' এ উপ-অনুচ্ছেদের অধীন আনয়ন করা হয়েছে মর্মে গণ্য হবে।

১৫.৪ এই নির্দেশিকার কোন বিষয় অস্পষ্ট থাকলে তা' সরকার প্রজ্ঞাপন জারির মাধ্যমে স্পষ্টীকরণ করতে পারবে এবং সরকারের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

**সংযোজনী-১**

## প্রত্যয়নপত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, খামার/নিধারিত সরবরাহকারী জনাব/মেসার্স-----------------------------

-------------ঠিকানা---------------------------------------------- কর্তৃক নির্বাচিত জলাশয়ে------------------------

- (নাম ও ঠিকানা উল্লেখ করতে হবে) -------------------তারিখে নির্ধারিত পরিমাণ (-----------কেজি,-----------টি)

গুণগত মানসম্পন্ন পোনামাছ সরবরাহ করেছেন এবং তা যথাযথভাবে অবমুক্ত করা হয়েছে।

কমিটির সদস্য গণের স্বাক্ষর

খ) উপসচিব, মৎস্য-২ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন ।

(ড. এহসানুল করিম)
উর্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা
ও সদস্য
বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট

(উম্মে কুলসুম ফেরদৌসী)
জেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) ও
সদস্য
জলমহাল শাখা, মৎস্য অধিদপ্তর

(অলক কুমার সাহা)
উপপরিচালক (মৎস্য চাষ) ও
সদস্য
মৎস্য অধিদপ্তর

(ড. এস এম যোবায়দুল কবির)
উপসচিব (মৎস্য-২)
ও
সদস্য সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

(মো: হামিদুর রহমান)
যুগ্মসচিব (ব্লু ইকোনমি)
ও
আহবায়ক
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

C:\Users\HP\Desktop\রেজুলেশন 19.4.18.doc

সংযোজনী-২

## ছকপত্র

### পরিচালন খাত/উন্নয়ন প্রকল্পের আওতায় পোনামাছ অবমুক্তি কার্যক্রম বাস্তবায়নের সাপ্তাহিক/মাসিক/চূড়ান্ত প্রতিবেদন

বিভাগের নাম | অর্থের উৎস: পরিচালন/ উন্নয়ন ব্যয়, কোড: | অর্থ বছর: | তারিখ:

| ক্র: নং | জেলার নাম | উপজেলার নাম | বিবরণ | পোনা অবমুক্তির জন্য নির্বাচিত জলাশয়ের তথ্যাদি | | | | | | | | | | | | আর্থিক সংশ্লেষ | | | অবমুক্ত পোনার বিবরণ | | সুফলভোগীর সংখ্যা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | জলমহাল | | | বর্ষাপ্লাবিত | | | প্রতিষ্ঠানিক জলাশয় | | | জলাশয়ের সর্বমোট | | | | | | | | | | |
| | | | | সংখ্যা (টি) | আয়তন (হেক্টর) | গত বছরের উৎপাদন (মে.টন) | সংখ্যা | আয়তন (হেক্টর) | গত বছরের উৎপাদন (মে.টন) | সংখ্যা | আয়তন (হেক্টর) | গত বছরের উৎপাদন (মে.টন) | সংখ্যা (৫+৮+১১) | জলায়তন (হেক্টর) (৬+৯+১২) | উৎপাদন (মেঃটন) (৭+১০+১৩) | বরাদ্দ (লক্ষ টাকা) | ব্যয় (লক্ষ টাকা) | অব্যয়িত অর্থ (লক্ষ টাকা) | পরিমান (মে.টন) | সংখ্যা (লক্ষ) | পুরুষ (লক্ষ) | মহিলা (লক্ষ) | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ |
| | | | অর্জন | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | পূর্বের জের | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | ক্রমপুঞ্জিত | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | অর্জন | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | পূর্বের জের | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | ক্রমপুঞ্জিত | | | | | | | | | | | | | | | | | | | | |
| জেলার মোট | | | অর্জন | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | পূর্বের জের | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | ক্রমপুঞ্জিত | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | অর্জন | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | পূর্বের জের | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | ক্রমপুঞ্জিত | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | অর্জন | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | পূর্বের জের | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | ক্রমপুঞ্জিত | | | | | | | | | | | | | | | | | | | | |
| জেলার মোট | | | অর্জন | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | পূর্বের জের | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | ক্রমপুঞ্জিত | | | | | | | | | | | | | | | | | | | | |
| **বিভাগের মোট:** | | | অর্জন | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| | | | পূর্বের জের | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| | | | ক্রমপুঞ্জিত | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |

বি.দ্র. : ছকপত্রটি মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর এর অনুমোদনক্রমে সংশোধন, সংযোজন ও পরিমার্জন করা যাবে।

উপপরিচালক

মৎস্য অধিদপ্ত..................